


“সোনালী ই-সেবা (Sonali eSheba)” এর ব্যবহার বিধি

“সোনালী ই-সেবা” হলো সোনালী ব্যাংক লিমিটেডের একটি মোবাইল অ্যাপ্লিকেশন, যার মাধ্যমে বাংলাদেশের নাগরিকেরা অনলাইনে ব্যাংক অ্যাকাউন্ট খুলতে সক্ষম হবেন এবং পাশাপাশি ব্যাংক প্রদত্ত অন্যান্য পরিষেবাগুলো উপভোগ করতে পারবেন।


প্রাথমিকভাবে মুক্তিযোদ্ধা, বিধবা, নিঃস্ব মহিলা, বয়স্ক ভাতাভোগীগন, কৃষক, মৎস্যজীবী, প্রতিবন্ধী শিক্ষার্থী, আর্থিকভাবে অসচ্ছল প্রতিবন্ধী, দরিদ্র দুগ্ধদানকারী মা, বেদে ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়, হিজড়া, গার্মেন্টস শ্রমিক, রিকশা চালক, ট্যাক্সি ডাইভার, অবসরপ্রাপ্ত ব্যক্তি, চাকুরীজীবী (বেতনভুক্ত ব্যক্তির) এই অ্যাপের মাধ্যমে তাদের ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারবেন।

নিচে প্রদর্শিত ধাপগুলো অনুসরণ করে “সোনালী ই-সেবা” মোবাইল অ্যাপটি ব্যবহার করে ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হবেঃ

<p>পূর্বশর্ত -1:</p> <p>আপনার স্মার্টফোন এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর মূল কপি নিন</p>	 <p>ঘরে বসে আপনার জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সার্টিফিকেট ব্যবহার করে মুহূর্তেই সোনালী ব্যাংক লিমিটেডে একাউন্ট খুলুন।</p>
<p>পূর্বশর্ত -2:</p> <p>গুগল প্লে স্টোর থেকে “সোনালী ই-সেবা (Sonali eSheba)” অ্যাপটি ডাউনলোড ও ইনস্টল করুন</p>	 <p>আপনার স্মার্টফোনের প্লে স্টোর অ্যাপ হতে Sonali eSheba অ্যাপটি ডাউনলোড ও ইনস্টল করুন।</p>

ধাপ-১:

অ্যাপটি খুলুন এবং “ব্যাংক একাউন্ট খুলুন”
আইকনে ক্লিক করুন




সোনালী ই-সেবা অ্যাপটি খুলুন। “ব্যাংক একাউন্ট খুলুন” আইকনে ক্লিক করুন।

ধাপ-২: আপনার নিবন্ধিত মোবাইল নম্বর
প্রদান করুন



আপনার নামে নিবন্ধিত ১১ ডিজিটের মোবাইল নম্বরটি এখানে লিখুন এবং ‘সাবমিট’ বাটনে ক্লিক করুন, আপনার মোবাইলের মেসেজ অপশনে একটি One Time Password (OTP) আসা পর্যন্ত অপেক্ষা করুন।

ধাপ-3: প্রাপ্ত OTP দিয়ে মোবাইল নম্বর
যাচাই সম্পন্ন করুন



আপনার প্রদত্ত মোবাইল নম্বরে প্রাপ্ত ৬ সংখ্যার OTP টি এখানে প্রদান করুন। OTP প্রাপ্তির ২মিনিট ৩০ সেকেন্ডের মধ্যে OTP প্রদান করতে হবে।

ধাপ-৪: জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন
সার্টিফিকেট যাচাইকরণ



মোবাইল নম্বর যাচাই সম্পন্ন হলে মোবাইলের ক্যামেরা ব্যবহার করে নিজের সেলফি তুলুন। এর পর জন্ম তারিখ (বছর/মাস/দিন অনুযায়ী সফল করে নির্বাচন করুন) ও এনআইডি নম্বর ঘরে 17 সংখ্যার জাতীয় পরিচয়পত্র নম্বর (13 সংখ্যার জাতীয় পরিচয়পত্রের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র নম্বরের পূর্বে জন্মসাল সংযুক্ত করে নিতে হবে)/ ১০ সংখ্যার স্মার্ট কার্ড নম্বর প্রদান করে “তথ্য যাচাই করুন” বাটনে ক্লিক করুন। জাতীয় পরিচয়পত্র নম্বর না থাকলে জন্ম নিবন্ধন নম্বর ঘরে জন্ম নিবন্ধন নম্বর প্রদান করে “তথ্য যাচাই করুন” বাটনে ক্লিক করুন।

ধাপ-5: মৌলিক তথ্য প্রদান



জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট সফলভাবে যাচাই সম্পন্ন হলে আপনার বর্তমান ঠিকানা (গ্রাম/রাস্তা, পোস্ট অফিস, জেলা, উপজেলা) ও স্বামী/স্ত্রী এর নাম লিখে 'পরবর্তী' বাটনে ক্লিক করুন।

ধাপ-6: জাতীয় পরিচয়পত্রের সম্মুখ অংশের ছবি তুলুন



ক্যামেরা আইকনে ক্লিক করে মোবাইলের ক্যামেরা ব্যবহার করে আপনার জাতীয় পরিচয়পত্রের সম্মুখ অংশের ছবি তুলুন ও 'পরবর্তী' বাটনে ক্লিক করুন।

ধাপ-৭: জাতীয় পরিচয়পত্রের পিছনের অংশের ছবি তুলুন



একইভাবে ক্যামেরা আইকনে ক্লিক করে মোবাইলের ক্যামেরা ব্যবহার করে আপনার জাতীয় পরিচয়পত্রের পিছনের অংশের ছবি তুলুন ও 'পরবর্তী' বাটনে ক্লিক করুন।

ধাপ-৮: ব্যাংক ও নমিনীর তথ্য প্রদান



আপনার প্রদানকৃত বর্তমান ঠিকানার উপর ভিত্তি করে ব্যাংকের নিকটস্থ শাখাসমূহ প্রদর্শিত হবে এবং সেখান থেকে আপনার পছন্দসই শাখাটি নির্বাচন করুন। অতঃপর ড্রপডাউন লিষ্ট হতে আপনার কাঙ্ক্ষিত হিসাবের ধরণ নির্বাচন করুন। নমিনীর তথ্য (নাম, নমিনীর সাথে সম্পর্ক, নমিনীর এনআইডি নম্বর) প্রদান করে 'একাউন্ট খুলুন' বাটনে ক্লিক করুন।

ধাপ-৯: নিশ্চিতকরণ বার্তা ও পিডিএফ ফাইল সংরক্ষণ করুন

সফলভাবে একাউন্টটি খোলা হলে একাউন্ট নম্বরসহ একটি মেসেজ আপনার মোবাইলে আসবে, তা সংরক্ষণ করুন।

ধাপ-১০: ০৩(তিন) মাসের মধ্যে নির্বাচিত শাখায় গমনপূর্বক স্বাক্ষর ও অন্যান্য তথ্য প্রদান

আপনার ব্যাংক একাউন্টে এখন আপনি টাকা জমা করতে পারবেন। তবে একাউন্ট ডিএক্টিভেশন এড়াতে এবং একাউন্টের সকল সুবিধা উপভোগ করতে অবশ্যই একাউন্ট খোলার ০৩(তিন) মাসের মধ্যে গ্রাহককে নির্বাচিত শাখায় গমনপূর্বক স্বাক্ষর ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

*** আপনার সকল তথ্য ইংরেজীতে পূরণ করুন।